



শিক্ষা অফিস  
মৌলভীবাজার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd

জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজার  
স্মারক নং- ৩৮/১৮২৩  
তারিখ নং- ৩০/১১/২০  
প্রাপ্তি তারিখ-  
এস.ই. মনিটরিং ইউনিট/কারিশিয়ার কম্পিউটার  
মহাপরিচালক/অফিস সহকারী..... দিনেঃ  
নব্বয় উপস্থাপন করুন/নথিতে রাখুন।

স্মারক নং: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০২.১৯- ২৮০/১৪২

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৭  
৩০ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

কিছু স্বার্থান্বেষী মহল মাঠ পর্যায়ে তথাকথিত প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের কথা বলে নিরীহ প্রার্থীদের কাছ থেকে অর্থ আদায় করছে মর্মে বিভিন্ন মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গোচরীভূত হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৩০ জুলাই ২০১৮ তারিখে সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩০ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হয়। সকল আনুষ্ঠানিকতা পালন করে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত সকল শূন্য পদ তথা ১৮,১৪৭টি পদে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তিতে কোন প্যানেল করার বিষয় উল্লেখ ছিল না। ফলে এ নিয়োগে কোন প্যানেল বা অপেক্ষমান তালিকা করা হয়নি। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শূন্যপদে শিক্ষক নিয়োগ একটি রুটিন প্রক্রিয়া। ভবিষ্যতে পদ শূন্য হবে বিবেচনা করে প্যানেল করার কোন সুযোগ নেই। ৩০ জুন ২০১৯ তারিখের পর রাজস্বখাতে বিভিন্ন কারণে পদ শূন্য হয়েছে এবং ০২ জানুয়ারি ২০২০ তারিখে মন্বজাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য সহকারী শিক্ষকের পদ সৃষ্টি হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়া এসকল পদে কাউকে নিয়োগ দেয়া আইনানুগভাবে সম্ভব না হওয়ায় ১৮ অক্টোবর ২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২৪ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ১৩ লক্ষাধিক প্রার্থী অনলাইনে আবেদন দাখিল করেছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ করা হবে মর্মে বিভ্রান্ত হয়ে কোন স্বার্থান্বেষী মহলের প্ররোচনায় কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সম্পূর্ণ নিরপেক্ষভাবে ও স্বচ্ছতার ভিত্তিতে সরকারি বিধি বিধান অনুসারে প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ করা হয়। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার সুযোগ নেই।

বিজ্ঞপ্তির প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	মৌলভীবাজার
ডকেট নং: ৩০৮	তারিখ: ০১/১১/২০
উপস্থাপন/নথি	আলমগীর মুহাম্মদ মনসুরুল আলম
১. সহকারী	মহাপরিচালক (গ্রেড-১)
২. শিক্ষা অধিদপ্তর	টেলিফোন-০২ ৫৫০৭৪৭৭৭
৩. পিএ/অফিসিয়ার	ইমেইল-dgprimarybd@gmail.com

আলমগীর মুহাম্মদ মনসুরুল আলম  
মহাপরিচালক (গ্রেড-১)  
টেলিফোন-০২ ৫৫০৭৪৭৭৭  
ইমেইল-dgprimarybd@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিস  
মৌলভীবাজার।

স্মারক নং : ৩৮.০১.৫৮০০.০০০.১৪.০০২.২০-১৮৩৮(৭)

তারিখ : ০৬ ডিসেম্বর ২০২০।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১। উপজেলা শিক্ষা অফিসার, ..... (সকল), মৌলভীবাজার- মূল পত্রের মর্মানুযায়ী সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২। সংরক্ষণ নথি।

শামসুর রহমান  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
মৌলভীবাজার।  
০৮৬১৬৩০০

ই-মেইল : dpeomoulv@gmail.com